

ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এ পি-এইচ. ডি, এবং মাস্টার্স প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ২০/০১/২০২২ইং হতে ০৩/০২/২০২২ তারিখের মধ্যে ২০২২ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে কোর্স ও থিসিস/প্রজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফি পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২২ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে পি-এইচ. ডি ও মাস্টার্স প্রোগ্রামে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফি প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র অনলাইনে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। তবে কেউ যদি ৬/১২ ক্রেডিট এর অতিরিক্ত ক্রেডিট নিতে চায় তাহলে তাকে প্রতি ক্রেডিট ১০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।

ফিস এর বিবরণ

কোর্স, থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের জন্য	
সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯	
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে
২।	পরীক্ষার ফি ৩৫০
৩।	গ্রেডশীট ৫০
৪।	থিসিস/প্রজেক্ট ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে
৫।	ইন্টারনেট ফি * ১৮০
৬।	চিকিৎসা ফি * ২২০
৭।	পরিবহন ফি * ২২৫
৮।	বিদ্যুৎ * ৩০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩	
৯।	ধর্মীয় ফি ২৫
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩	
১০।	ছাত্র বিষয়ক কার্যক্রম ৭৫
১১।	সাহিত্য ও সংস্কৃতি ফি ৪৫
১২।	খেলাধুলা ফি ১২৫
১৩।	বার্ষিকী ৩০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০	
১৪।	জরুরী সাহায্য তহবিল ১০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১	
১৫।	বিএনসিসি ২০

ছাত্রত্বের ধারাবাহিকতা বজায় রাখার জন্য	
সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯	
১।	পরিবহন ফি * ২২৫
২।	বিদ্যুৎ * ৩০০
৩।	ছাত্রত্বের ধারাবাহিকতা ফি ৫০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩	
৪।	ধর্মীয় ফি ২৫
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩	
৫।	ছাত্র বিষয়ক কার্যক্রম ৭৫
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০	
৬।	জরুরী সাহায্য তহবিল ১০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১	
৭।	বিএনসিসি ২০

আরও উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ‘\*’ চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না এবং শুধুমাত্র থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের পরীক্ষার ফি ও গ্রেডশীট এর ফি দেওয়া লাগবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ০৩/০২/২০২২ইং।

৩০০/- (তিনশত) টাকা জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশনের তারিখঃ ০৬/০২/২০২২ইং হতে ১০/০২/২০২২ইং তারিখ পর্যন্ত।

অনলাইন রেজিস্ট্রেশন করার নিয়মাবলী

- শিক্ষার্থীদেরকে আইআইসিটি এর অফিস হতে User ID ও Password সংগ্রহ করে অনলাইনে (academic.kuet.ac.bd/pg/) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। আইআইসিটি কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (√) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং A4 সাইজের কাগজে Landscape mode এ প্রিন্ট নিতে হবে। প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ডে নিজের, সুপারভাইজার, কোর্স কো-অর্ডিনেটর এবং আইআইসিটি এর পরিচালক এর স্বাক্ষরের (সীলসহ) পর রেজিস্ট্রেশন কার্ডসহ শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।
- পূরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ফটোকপি করে কোর্স কো-অর্ডিনেটর ও আইআইসিটি এর অফিসে জমা দিতে হবে এবং এক কপি নিজের কাছে রাখতে হবে।
- টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণপূর্বক তা শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর ব্যাংকে টাকা জমা দিতে হবে এবং টাকা জমা রশিদের শিক্ষা শাখার কপিসহ ও পূরণকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশনের সময় কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে সে ক্ষেত্রে শিক্ষা শাখা অথবা পরীক্ষা শাখার সহকারী প্রোগ্রামার প্রকৌশলী টুম্পা রানী রায় এর সাথে যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-

১৯/১/২০২২

প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ

পরিচালক (আইআইসিটি)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৬৭৭/০৭

তারিখঃ ১৯/০১/২০২২ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- সংরক্ষণ নথি।

(সেখ আক্বাহ আলী)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা।